



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৯৮

তারিখ: ৯ জৈষ্ঠ ১৪২৮

২৩ মে ২০২১

বিষয়: চলতি অভ্যন্তরীণ গম সংগ্রহ ২০২১ এবং বোরো সংগ্রহ -২০২১ এর আওতায় গম, ধান, সিন্দি, আতপ চাল সংগ্রহ ও চুক্তির তথ্য প্রেরণ।

সূত্র: সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৭৩, তারিখ: ০৬/০৫/২০২১ স্থি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুত্রস্থ স্মারকে সংগ্রহ বিভাগের ই-মেইলে এবং সংগ্রহ বিভাগে কর্মরত খাদ্য পরিদর্শক জনাব শেখ শহীদুল্লাহ এর মোবাইল নং ০১৯১১৫৯০৮৫৯ তে এসএমএস এর মাধ্যমে গম সংগ্রহ-২০২১ এবং বোরো সংগ্রহ ২০২১ এর আওতায় প্রতিদিন গম, ধান, সিন্দি ও আতপ চাল সংগ্রহ এবং চুক্তি সংক্রান্ত তথ্যাদি (সিন্দি/আতপ) বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হয়েছিল। এ ব্যাপারে দেখা যাচ্ছে যে, বেশির ভাগ বিভাগ থেকে চাহিত তথ্যাদি বিকাল ৫.০০ ঘটিকার পরিবর্তে সন্ধ্যা ৭.০০ থেকে ৮.৩০ ঘটিকার মধ্যে প্রেরণ করা হয় মর্মে খাদ্য অধিদপ্তরের গঠিত মনিটরিং সেল এর সদস্যগণের নিকট থেকে জানা যায়। ফলে নিম্নস্বাক্ষরকারীকে আলোচ্য তথ্যাদি মাননীয় খাদ্য মন্ত্রী, সচিব খাদ্য মন্ত্রণালয় এবং মহাপরিচালক মহোদয়কে প্রেরণ করতে বিলম্ব হচ্ছে। এতে উর্ধ্বতন কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন।

অপরদিকে বৃহস্পতিবার সপ্তাহের শেষ দিন হওয়ার কারণে ঐ দিনের সংগ্রহের তথ্যাদি স্ব স্ব বিভাগ থেকে আংশিক প্রেরণ করা হয়। বিভাগের অবশিষ্ট সংগ্রহের চুড়ান্ত প্রতিবেদন শুক্রবার প্রেরণ করা হয়। কিন্তু এক্ষেত্রে দেখা যায় কোন কোন বিভাগ শুক্রবারে চুড়ান্ত প্রতিবেদন প্রেরণ করেন না। উক্ত সংগ্রহ তথ্য প্রেরণের ক্ষেত্রে অযথা গড়িমসি করেন। বিষয়টি অত্যন্ত দুঃখ জনক যা মোটেই কাঞ্জিত নয়।

এমতাবস্থায়, এখন থেকে সুত্রস্থ স্মারকে চাহিত গম, ধান, সিন্দি ও আতপ চাল এবং চুক্তির তথ্যাদি প্রতিদিন সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে সংগ্রহ বিভাগের ই-মেইলে এবং খাদ্য অধিদপ্তরের মনিটরিং সেলের সহযোগী সংগ্রহ বিভাগের খাদ্য পরিদর্শক জনাব শেখ শহীদুল্লাহ এর মোবাইল নং ০১৯১১৫৯০৮৫৯ এ এসএমএস প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হল। দেয় সময়সীমার মধ্যে সন্ধ্যা ৬.০০ ঘটিকা সংগ্রহ তথ্য প্রেরণের ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে স্ব স্ব বিভাগের সংগ্রহের তথ্য প্রেরণের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩-৫-২০২১

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধ করা হলো।

২৩-৫-২০২১

মোঃ রায়হানুল করীম
পরিচালক